

রূপালী ব্যাংক লিমিটেড  
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ  
প্রধান কার্যালয়, ঢাকা।

রূপালী ব্যাংক লিমিটেড কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য ০৬/০৭/২০২০ তারিখে  
অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব খন্দকার আতাউর রহমান, উপ-ব্যবস্থাপনা পরিচালক  
(ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও মহোদয় এবং সভাপতি, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটি, রূপালী ব্যাংক লিঃ  
-এর অবর্তমানে সভাপতিত্ব করেন)

তারিখ, সময়, স্থান : ০৬/০৭/২০২০ খ্রিষ্টাব্দ, বিকাল - ৩.০০ ঘটিকা,  
পর্যদ সভাকক্ষ, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় (৩য় তলা), ঢাকা।

উপস্থিত নির্বাহী কর্মকর্তাবৃন্দ : সদস্যবৃন্দ, নৈতিকতা কমিটি, রূপালী ব্যাংক লিমিটেড (কপি সংযুক্ত)।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা সূচনা করার অনুমতি প্রদান করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা (জুলাই, ২০১৯-জুন, ২০২০) এর আলোকে ৪র্থ প্রান্তিক (এপ্রিল - জুন, ২০২০) পরবর্তী ত্রৈমাসিক অগ্রগতির পরিবীক্ষণ প্রতিবেদনের অন্তর্ভুক্ত কার্যক্রম সমূহের উপর সদস্যবৃন্দ বিষয় ভিত্তিক পরস্পর মতবিনিময় করেন। আলোচনান্তে সভাপতির অনুমোদনক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

০১। 'শুদ্ধাচার পুরস্কার, ২০১৮' প্রদানের লক্ষ্যমাত্রা হিসেবে পূর্ব নির্ধারিত তারিখ ৩১/১২/২০১৯ এর পরিবর্তে বিগত ৩১/০৩/২০২০ তারিখ ভিত্তিক ৩য় প্রান্তিকে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা প্রণয়ন এবং উক্ত নীতিমালার আলোকে পুরস্কার প্রদান বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু সাম্প্রতিক করোনাজাইরাস মহামারী আকারে বিস্তারের কারণে স্বাভাবিক দাপ্তরিক কার্যক্রম ব্যাপকভাবে ব্যাহত হয়। ফলে ৩য় প্রান্তিকের নির্ধারিত সময়ে "শুদ্ধাচার পুরস্কার-২০১৮" এবং ৪র্থ প্রান্তিকের নির্ধারিত সময়ে "শুদ্ধাচার পুরস্কার-২০১৯" প্রদান করা সম্ভব হয়নি। পুরস্কার প্রদান নির্ধারিত সময়ে সম্ভব হয়নি বিধায় বরাদ্দকৃত অর্থ ব্যয়ের লক্ষ্যমাত্রাও অর্জন করা সম্ভব হয়নি।

সার্বিক প্রেক্ষাপটে আগামী ৩১/০৭/২০২০ তারিখের মধ্যে "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা" প্রণয়ন করা এবং ডিসেম্বর/২০২০-এর মধ্যে বকেয়া ২০১৮ ও ২০১৯ সালের 'শুদ্ধাচার পুরস্কার' বিতরণ নিশ্চিত করার নির্দেশনা দেয়া হয়েছে। "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা" প্রণয়নের লক্ষ্যে দুটি কমিটি গঠনের পরামর্শ প্রদান করা হয়েছে, যার রূপরেখা নিম্নরূপঃ

: কার্যকরী কমিটি :

ক্র.নং	নির্বাহী এবং অন্যান্য কর্মকর্তাগণের নাম ও পদবী	কর্মস্থল	কমিটিতে অর্পিত দায়িত্ব
ক)	জনাব কাজী আনিছুল হক, সহকারী মহাব্যবস্থাপক	প্রশাসন ও মানবসম্পদ বিভাগ, প্রকা	সভাপতি
খ)	জনাব আসফাক আহমেদ, সিনিয়র প্রিন্সিপাল অফিসার	প্রশাসন ও মানবসম্পদ বিভাগ, প্রকা	সদস্য
গ)	জনাব মোঃ মোস্তাহিদুর রহমান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার	প্রশাসন ও মানবসম্পদ বিভাগ, প্রকা	সদস্য

: রিভিউ কমিটি :

ক্র.	প্রধান নির্বাহী এবং অন্যান্য নির্বাহী কর্মকর্তাগণের নাম/পদবী	কর্মস্থল	কমিটিতে অর্পিত দায়িত্ব
ক)	জনাব মোঃ ওবায়দ উল্লাহ আল মাসুদ ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও	এম ডি সচিবালয়, প্রকা	সভাপতি
খ)	জনাব খন্দকার আতাউর রহমান, উপ-ব্যবস্থাপনা পরিচালক	ডি এম ডি সচিবালয়, প্রকা	সদস্য
গ)	জনাব মোঃ শফিকুল ইসলাম, মহাব্যবস্থাপক	জি এম সচিবালয়, প্রকা	সদস্য
ঘ)	জনাব মনোয়ারা পারভীন, উপ-মহাব্যবস্থাপক	প্রশাসন ও মানবসম্পদ বিভাগ, প্রকা	সদস্য

০২। রূপালী ব্যাংক ট্রেনিং একাডেমি (আরবিটিএ) কর্তৃক অত্র ব্যাংকের 'কর্মকর্তা/কর্মচারীগণকে 'চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ প্রদান এবং সুশাসন বিষয়ক প্রশিক্ষণ' আয়োজনের যে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, তা প্রয়োজনে ভার্চুয়াল (Zoom App) পদ্ধতিতে অতিদ্রুত বাস্তবায়নের জন্য পরামর্শ দেয়া হয়েছে।


০৩। বর্তমানে COVID-19 করোনাজাইরাস মহামারী আকারে বিস্তারের কারণে নিরীক্ষা ও পরিদর্শন -১,২ বিভাগদ্বয় কর্তৃক স্বাভাবিক শাখা/অফিস পরিদর্শনের ঘোষিত লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হয়েছে। বর্ণিত অবস্থায় অডিটের পূর্বনির্ধারিত লক্ষ্যমাত্রা পুনর্নির্ন্যাস করা প্রয়োজন। সম্প্রতি 'পার্বদীয় অডিট কমিটি' কর্তৃক 'আইটি ডিভিক অডিট কার্যক্রম' চালু করে পুনর্নির্ন্যাস লক্ষ্যমাত্রা অর্জনের পরামর্শ প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত গ্রহণ করা হয়ঃ

ক) নিরীক্ষা ও পরিদর্শন বিভাগের দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপকের নেতৃত্বে আইসিটি সিস্টেমস এবং আইসিটি অপারেশনস বিভাগ দুটির কারিগরি সহায়তায় "আইটি ডিভিক অডিট কার্যক্রম নীতিমালা" প্রণয়ন করা।

খ) পূর্বনির্ধারিত অডিট লক্ষ্যমাত্রা পুনর্নির্ন্যাস করে বাস্তবায়নযোগ্য নতুন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা।

০৪। আইসিটি সিস্টেমস বিভাগ-এর তত্ত্বাবধানে অর্পিত নির্ধারিত লক্ষ্যমাত্রা - 'ই-নথি সংশ্লিষ্ট কার্যক্রম' পাইলট প্রকল্পের পর্যায় থেকে অতিদ্রুত আনুষ্ঠানিক উদ্বোধনের মাধ্যমে বাস্তবায়ন সূচনা করার জন্য কমিটি পরামর্শ প্রদান করে।

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(খন্দকার আতাউর রহমান)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

(ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও)

এবং

সভাপতি, নৈতিকতা কমিটি

রূপালী ব্যাংক লিমিটেড -এর পক্ষে)